

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৪৪৯

আগরতলা, ৩ জানুয়ারি, ২০২৪

তিনদিনের রাজ্য সফরে কেন্দ্রীয় সংস্কৃতি প্রতিমন্ত্রী

কেন্দ্রীয় বিদেশ ও সংস্কৃতি মন্ত্রকের প্রতিমন্ত্রী মীনাঙ্কী লেখি তিনদিনের সফরে আজ রাজ্যে এসেছেন। সফরের প্রথমদিনে তিনি আগরতলা সুসংহত স্থলবন্দরটি পরিদর্শন করেন। তিনি সুসংহত স্থলবন্দরটি ঘুরে দেখেন এবং বিএসএফ ও বিজিবি-এর জওয়ানদের সাথে মতবিনিময় করেন। পরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে প্রতিমন্ত্রী মীনাঙ্কী লেখি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ‘পূবে সক্রিয় হও’ ও ‘প্রতিবেশি প্রথম’ নীতিতে বিভিন্ন সময়ে কেন্দ্রীয় মন্ত্রীগণ উত্তর পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্য পরিদর্শন করছেন। কারণ প্রধানমন্ত্রীর মতে উত্তর পূর্বাঞ্চলের বিকাশ ছাড়া সমগ্র দেশের বিকাশ সম্ভব নয়। উত্তর পূর্বাঞ্চলে শান্তি সম্প্রীতি বিরাজ করলেই তা সমগ্র দেশের জন্য কল্যাণকর হবে। এখানকার উন্নয়নমূলক কাজগুলি যাতে বিনা বাধায় তাড়াতাড়ি সম্পূর্ণ করা যায় তারজন্য কেন্দ্রীয় মন্ত্রীগণ প্রায়ই উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলি পরিদর্শন করেন। সুসংহত স্থলবন্দর পরিদর্শনকালে কেন্দ্রীয় প্রতিমন্ত্রীকে স্বাগত জানান সুসংহত স্থলবন্দরের ম্যানেজার দেবাশিস নন্দী। পরিদর্শনকালে উপস্থিত ছিলেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিনিসার ভট্টাচার্য, যুগ্ম অধিকর্তা সঞ্জীব চাকমা সহ আগরতলা সুসংহত স্থলবন্দর ও বিএসএফ-এর পদস্থ আধিকারিকগণ।

এদিকে, সকালে মহারাজা বীরবিক্রম বিমানবন্দরে তিনদিনের রাজ্য সফরে আসা কেন্দ্রীয় প্রতিমন্ত্রীকে তথ্য ও সংস্কৃতি দপ্তরের পক্ষ থেকে স্বাগত জানানো হয়। বিকালে তিনি মাতা ত্রিপুরেশ্বরী মন্দির দর্শনের উদ্দেশ্যে উদয়পুরেও যান।

\*\*\*\*\*